

## পাঁচ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে নতুন বিশেষায়িত বিভাগ প্রতিষ্ঠা করা হচ্ছে

### যুগান্তর রিপোর্ট

দেশের পাঁচটি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পাঁচটি নতুন বিশেষায়িত বিভাগ চালু হচ্ছে। মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ সংক্রান্ত একটি প্রকল্পের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাপাগাণি তিনি, দেশের বিদ্যমান টেক্সটাইল কলেজ ও ইন্সটিটিউটগুলোকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার জন্য আলাদা প্রকল্প তৈরি করতে পিকা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। টেক্সটাইল ও তৈরি পোশাক খাতে বাংলাদেশের বিপুল সম্ভাবনাকে কাজে লাগাতে দেশের টেক্সটাইল খাতের জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও জনবল সৃষ্টি করতে প্রধানমন্ত্রী এই নির্দেশ দিয়েছেন বলে বৈঠক সূত্রে জানা গেছে। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। এসময় সংশ্লিষ্ট মন্ত্রী, সচিব, পরিচালনা কমিশনের সদস্য এবং উর্ধ্বতন সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

যেসব প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পাঁচটি নতুন বিশেষায়িত বিভাগ হচ্ছে সেগুলো হচ্ছে— বুয়েটে গ্রাস এন্ড মক ইঞ্জিনিয়ারিং বিভাগ চালু, ঢাকার ভূয়েটে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ, চট্টগ্রামের চুয়েটে বনিত ও পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং বিভাগ, রাজশাহীর রুয়েটে গ্রাস এন্ড নিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, খুলনার কুয়েটে

সেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ। এতদ্বারা পাঁচটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নতুন একাডেমিক বিভাগ চালুকরণের লক্ষ্যে অবকাঠামো ও ল্যাবরেটরি সুবিধাদি সৃষ্টিকরণ প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে একনেকে। এই প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ১৪৬ কোটি টাকা। পিকা মন্ত্রণালয়ের অধীন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এ প্রকল্প বাস্তবায়ন করবে।

একনেক সভায় উল্লিখিত প্রকল্পসহ মোট চারটি প্রকল্পের অনুমোদন দেয়া হয়েছে। চার প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ২৯৭ কোটি টাকা। বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল থেকে ব্যয় মেটানো হবে।

একনেকে আরও যে তিনটি প্রকল্প অনুমোদন করা হয়েছে সেগুলো হচ্ছে— ২৯ কোটি টাকা ব্যয়ে সংস্কৃতিবিধায়ক মন্ত্রণালয়ের অধীনে জাতীয় আর্কাইভ ভবন নির্মাণ; দ্বিতীয় পর্যায় (সংশোধিত) প্রকল্প, ৫২ কোটি টাকা ব্যয়ে আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ২০১১-এর বিকল্প জেনু হিসেবে গড়ে তোলার জন্য চট্টগ্রাম জুর্ডার আহমেদ জৌধুরী স্টেডিয়ামের সংস্কার ও উন্নয়ন প্রকল্প এবং ৫২ কোটি টাকা ব্যয়ে আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ২০১১-এর বিকল্প জেনু হিসেবে খুলনার অবস্থিত শেখ আবু নাসের স্টেডিয়ামের সংস্কার ও উন্নয়ন প্রকল্প। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে এ দুটি প্রকল্প বাস্তবায়ন করবে জাতীয় ক্রীড়া পরিষদ।